আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**
কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ,
কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
পণ্ডিত-প্রেসে পাইবেন।



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গমুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৮ই কার্ত্তিক বুধবার, ১৩৭১ ইং 4th Nov. 1964 | ২৫শ সংখ্যা





ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

G. P. Service

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**
কেরোসিন কুকার

সুন্দর কারুকলা ও নিপুণতা আধার।

প্রস্তুতকারক
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

KALPANA O. M.

**শ্রীঅরুণ**
কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
ছায়াবাণী সিনেমার সম্মুখে
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

স্টুডেন্টস্ ফেভারিট
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

১৮ই কার্ত্তিক বুধবার সন ১৩৭১ সাল।

# শ্রীশ্রীশ্যামাপূজা—দীপান্বিতা

—•—

গত ২৬শে আশ্বিন মা আমাদের তপ্ত-হেমাঙ্গিনী বর্ণে দশভুজারূপে আবির্ভূতা হইয়াছিলেন। মহা-সপ্তমী, মহাষ্টমী, মহানবমী চণ্ডীমণ্ডপ আলো করিয়া বিজয়া দশমীর দিন স্বস্থানে গমন করিয়াছেন। আমাদের শত সহস্র দুঃখ ও দৈন্যের পীড়ন আমাদের অস্তিত্ব লোপ করিতে পারে নাই। মা দুর্গা দুর্গতিনাশিনী। মায়ের অন্য এক নাম দীনতারিণী অর্থাৎ দীন ব্যক্তির তারণ কারণ তাঁর এই নাম পরিগ্রহ করার কারণ।

মায়ের প্রতিমা নিরঞ্জনের পর চার দিনের মধ্যে মা দুর্গার কন্যাস্বরূপা লক্ষ্মী কোজাগরী পূর্ণিমার রাত্রে দর্শন দিয়াছিলেন। মা দুর্গা বা মা লক্ষ্মীর মূর্ত্তি তাঁহাদের জন্য নির্দ্দিষ্ট মন্দিরে গিয়া দর্শন করিতে পাই।

আজ মা খড়্গধারিণী, নৃমুণ্ডমালিনী, বরাভয়-দায়িনীরূপে মন্দিরে আবির্ভূতা হইলেও আমরা মায়ের শ্যামা মূর্ত্তি দেখিতে পাইতেছি আমাদের সমস্ত মাঠে মাঠে। শস্য-শ্যামলা বঙ্গভূমি আজ শ্যামারূপে আবির্ভূতা হইয়াছেন। কৃষকগণ আজ মহাসাধকের ভূমিকা গ্রহণ করিয়া এই শ্যামা মায়ের অর্চ্চনায় ব্যস্ত। আজ বঙ্গভূমির সুজলা, সুফলা, শস্য-শ্যামলা "তালগাছ নাই তালপুকুর" নামের মতই হইয়া অতীতের স্মৃতি বহন করিতেছে।

মায়ের শ্যামা মূর্ত্তি বাহাল রাখিবার জন্য রাজা, মহারাজা, ধনকুবের, বৃথাগর্ব্বে গর্ব্বিত রাজপুরুষ নামক মনুষ্যগুলির ক্ষুন্নিবৃত্তি করিবার সাধনা লইয়া শ্যামা মায়ের সেবাইত ভক্ত শ্যামার শ্যামবর্ণ অক্ষুণ্ণ রাখিবার জন্য আপ্রাণ যুদ্ধ আরম্ভ করিয়াছে। সরকার করভার কৃষকের দুর্ব্বল শিরে অর্পণ করিয়া জলদানের আত্মশ্লাঘা করিলেও সে ঠিক দেবমন্দিরে কুশাগ্রে জল লইয়া পুরোহিত যেমন শান্তিবারি সিঞ্চন করেন, কাহারো মাথায় এক বিন্দু পড়িল কি না সন্দেহ, কর-ভার-পীড়িত প্রজাগণের মায়ের শ্যামা মূর্ত্তি বজায় রাখার পক্ষে চাহিদার তুলনায় জলদানও তাই।

কৃষক সাধক কর্ত্তৃক নির্মিত প্রান্তরে প্রান্তরে শ্যামা মূর্ত্তির আবির্ভাব যেন মায়ের শ্যামা মূর্ত্তির বিকৃতি না ঘটায় মায়ের নিকটে আমাদের সেই প্রার্থনা। মা শ্যামা মূর্ত্তি পরিগ্রহ করে উলঙ্গিনী দিগ্বসনা মূর্ত্তিতে দশদিক আলো করে যেমন আবির্ভূতা হয়েছেন, যেমন শুম্ভ, নিশুম্ভ, চণ্ডাসুর, মুণ্ডাসুর প্রভৃতি দুর্বৃত্তের বিনাশ ক'রে দেবগণের স্বর্গরাজ্য নিষ্কণ্টক করেছিলে, তেমনি প্রান্তরে প্রান্তরে শ্যামা মূর্ত্তি অক্ষুণ্ণা রাখিয়া আমাদের অনশন আধি ব্যাধি সব দূর করে দীনের অন্তরে অন্তরে শ্যামা মূর্ত্তি দর্শনের আনন্দ দান কর মা।

## দীপান্বিতা

নগরে নগরে ধনীর গৃহে যেমন আজ নানা রকমের রোশনাইএর উজ্জ্বল আলোক দেখা যাইতেছে তেমনি কাঙালের হৃদয়ে অমানিশার অন্ধকারের মত হতাশার অন্ধকার দূর করিয়া আশার উজ্জ্বলতা পূর্ণ ক'রে দীপান্বিতার দীন-সংস্করণ প্রকাশ কর মা।

---

## সুজি

প্রায় মাস খানেক পূর্ব্বে এখানে সুজি আসিয়াছে বলিয়া প্রকাশ। রেশন কার্ডের মাধ্যমে উহা বিলি হইবে বলিয়া জানা গিয়াছিল। ৺শারদীয়া মহাপূজা, কোজাগরী লক্ষ্মীপূজা ও কালীপূজা সমাধা হইল—সুজির দর্শন মিলিল না। উহা অখাদ্য না হওয়া পর্য্যন্ত বিলির সুবন্দোবস্ত হইবার আশা কম বলিয়া অনুমিত হইতেছে। একেই বলে কর্ত্তা ইচ্ছা কর্ম্ম।

---

## ডক্টরেট্ উপাধি লাভ

রঘুনাথগঞ্জ হাই স্কুলের অবসরপ্রাপ্ত জনপ্রিয় প্রবীণ শিক্ষক শ্রীপূর্ণচন্দ্র সাহা মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র শ্রীমান্ অক্ষয়কুমার সাহা পুণা কৃষি-কলেজ হইতে ১ম শ্রেণীতে ২য় স্থান অধিকার করিয়া বি-এস্-সি (এগ্রিঃ) পাশ করে। ১৯৫১ সালে মহকুমা কৃষি অফিসার পদে সরকারী চাকুরীতে যোগদান করে। তারপর ১৯৫৭ সালে দিল্লী হইতে আই-এ-আর-আই পরীক্ষায় ১ম শ্রেণীতে ৫ম স্থান অধিকার করে। পরে কল্যাণী বিশ্ববিদ্যালয়ে 'হর্টিকালচার' বিষয়ের সিনিয়র লেকচারার পদে অধিষ্ঠিত হয়। ঐ বিষয়ে উচ্চতর শিক্ষা লাভের জন্য আমেরিকার মিসৌরী বিশ্ববিদ্যালয়ে দুই বৎসর অধ্যয়ন করিয়া 'ডক্টরেট্' উপাধি লাভ করে। আমরা শ্রীমানের কৃতকার্য্যতার জন্য বিশেষ আনন্দিত হইয়াছি এবং তাহার উত্তরোত্তর উন্নতি কামনা করি।

---

## হাসবে ?

শিক্ষক—বলতো অশোক, ইংরাজীতে কেস্ কয় প্রকার ?

অশোক—স্যার কেস্? কেস্ অনেক প্রকার। যেমন—Nominative case, Objective case, টিবি কেস্, Suite case, Court case, সিগারেট কেস, ইউ কেস্ (Ukase)........

শিক্ষক—বাস্ বাস্ বেঞ্চির উপর দাঁড়াও।

---

## মুশকিল-আসান

### ( সংকট নিবারণ )

রুখতে চীনের অভিযান,
রাখতে দেশের জাতির মান,
তুচ্ছ ক'রে জীবন প্রাণ
ঐ যে যারা এগিয়ে যান
মোদের শত তরুণ জোয়ান
জোগাতে তাদের অস্ত্র কামান
মুক্ত হস্তে করুন দান।
দেশের সঙ্কট হ'ক অবসান।

## গ্রামাঞ্চলে রেশনের চিনি নাই

জঙ্গিপুর মহকুমার গ্রামাঞ্চলের বহু মডিফায়েড রেশন দোকানে এই সপ্তাহে (১লা নভেম্বর হইতে সপ্তাহ আরম্ভ) চিনি বরাদ্দ করা হয় নাই। অথচ এই সপ্তাহে হিন্দুগণের শ্রীশ্রী৺কালীমাতার পূজা ও ভ্রাতৃদ্বিতীয়া উৎসব। ইহা সুব্যবস্থা না অব্যবস্থা তাহা কে বিচার করিবে?

## রেশন দোকান মাধ্যমে কি দেওয়া হচ্ছে

জঙ্গিপুর মহকুমার গ্রামাঞ্চলের রেশন দোকান সমূহ হইতে ১৯৬৪ সালে কিছুদিন চাউল দেওয়া হইয়াছে। তিন মাস হইতে গম বন্ধ হইয়াছে। এখন ক শ্রেণীকে মাথা পিছু ৫০ গ্রাম, খ শ্রেণীকে ৭৫ গ্রাম এবং গ শ্রেণীকে ১০০ গ্রাম চিনি দেওয়া হয়। আটা প্রতি কার্ডে ১ কে. জি পরিবারে যদি ২০ জন থাকে তবুও ঐ ১ কে, জি। কি চমৎকার ব্যবস্থা!

## পশ্চিমবঙ্গ বিধান সভার উপ-নির্ব্বাচন

পশ্চিমবঙ্গ বিধান সভার সদস্যের মৃত্যু ও পদত্যাগের জন্য হাঁসখালি, ক্যানিং ও ফরক্কা কেন্দ্রে উপ-নির্ব্বাচন হইবে। আগামী ৯ই নভেম্বর সোমবার মনোনয়ন-পত্র দাখিলের শেষ দিন ও ১১ই নভেম্বর মনোনয়ন-পত্র পরীক্ষা এবং ১৪ই নভেম্বর মনোনয়ন-পত্র প্রত্যাহার করার জন্য দিন ধার্য্য করা হইয়াছে।

## ফরাক্কা কেন্দ্রে কংগ্রেস মনোনয়ন লাভ

ফরক্কা কেন্দ্রের আসন্ন উপ-নির্ব্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য রাজ্য কংগ্রেস পার্লামেণ্টারী সমিতি ফরক্কা থানার অধিবাসী বহরমপুরের আইন-ব্যবসায়ী জনাব আবুল হোসেন সাহেবকে মনোনীত করিয়াছেন।

# মায়ের দরজায় তরজা





## গান

কাল ভয়ে ডাকি মা
কাতরে।
কৃতান্তদলনি তোরে।
হবো সমন জয়ী, দয়াময়ী
তোমার নামের জোরে।



শুন মাগো চতুর্ভুজা, কি দিয়ে
তোর করবো পূজা,
শুদ্ধ জিনিস পাই মা কোথা
ভেজাল গেছে ভ'রে।
বিচার পেতে বিচারালয়,
গিয়ে দেখি মিছার আলয়,
ধর্ম্ম কর্ম্ম সকলি লয়
করে ঘুষখোরে তস্করে।

বিচার কর তুমি কালি,
ঘুষের নাম হ'য়েছে ডালি,
এ সভ্যতার গালে কালি,
বিচার করছে চোরে।
বিজ্ঞানের কাজ মানুষ মারা,
পরের রাজ্য দখল করা
নেমে আয় মা ভয়ঙ্করা
সব দে সাবার করে।





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে, ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)



রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬





★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।



বিক্রেতা:—

**কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর**
খাগড়া মুর্শিদাবাদ



*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত. পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)